[redacted]

[redacted] [redacted] [redacted] [

প্রেরণ করেন। ধারণা করা হচ্ছে- ছিন্তাইকারীরা টাকা ছিন্তায়ের জন্যই তাকে গুলি করতে পারে।

মেহেরপুরে আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে ভবন নির্মাণের অভিযোগ

মেহেরপুর বড়বাজার প্রধান সড়কে আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে চলছে ভবন নির্মাণের কাজ। এছাড়াও নেওয়া হয়নি পৌরসভা থেকে নকশার অনুমোদন। অভিযোগ রয়েছে আদালত, প্রশাসন ও পৌরসভার নির্দেশনাকে বৃদ্ধাআঙ্গুল দেখিয়ে স্থানীয় প্রভাবশালী রাজনৈতিক নেতার প্রত্যক্ষ মদদে ও লোকবল দিয়ে নির্মাণ কাজ চালিয়ে যাচ্ছে।

এমন অভিযোগ তুলে বুধবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন করেন ইমরান হেলালী প্রিন্স নামের এক বিচারপ্রার্থী।

ইমরান হেলালী প্রিন্স লিখিত অভিযোগে বলেন, মেহেরপুর বড় বাজার প্রধান সড়কে অবস্থিত আমাদের স্বত্ব দখলীয় জমির মধ্যে থেকে এস এ ১৭৯১ নং দাগের এক শতক জমি আমার দাদা মৃত রফিকুল ইসলাম বাবলুর নিকট বিক্রয় করেন। পরবর্তীতে বাবলু রেকর্ড অফিসের কর্মচারীগণের সাথে যোগসাজসে এক শতক জমির স্থলে এক শতক ৪৪ পয়েন্ট জমি নিজ নামে রেকর্ড করে নেন। পূর্ব পরিকল্পিতভাবে দখলের উদ্দেশ্যে আমার পয়েন্ট ৪৪ শতক জমির পিছনে আমার অন্য শরীকের নিকট হতে বাবলু আরো এক শতক জমি ক্রয় করেন। সেখানে আমার ৪৪ শতক জমি দখল করার উদ্দেশ্যে সেখানে ভবন নির্মাণ শুরু করেন। এ বিষয়ে আমি আদালতে মামলা করলে বিচারক ভবন নির্মাণে নিষেধাজ্ঞা আরোপ করেন। মেহেরপুর ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদকের নেতৃত্বে পেশিশক্তি ব্যবহার করে আবারো নির্মাণ কাজ শুরু করে। আমি আমার শরীকগণকে নিয়ে তাদের অবৈধ কাজে বাধা দিতে গেলে তারা আমার উপর হামলা

চালানোর চেষ্টা করলে আমি প্রাণ ভয়ে পালিয়ে যাই। এরপর থেকে মাসকুরা বেগম ও তাদের লোকজন আমার পরিবারের সদস্যদের নানা প্রকার হুমকি দিচ্ছে।

এ বিষয়ে অভিযুক্ত মাসকুরা বেগমের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

মেহেরপুর ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম জানান, তার বিরুদ্ধে যে অভিযোগ দেওয়া হয়েছে তা মিথ্যা।

মেহেরপুর ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু বলেন, জমির নিয়ে আদালতে মামলা চলমান, সেহিসাবে আমাদের কিছু করণীয় নেই। দুজনই আমাদের সমিতির সদস্য। সে হিসাবে আদালতে নিষ্পত্তি হলেই ভবন নির্মাণ করা উচিত।

এ বিষয়ে মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, পৌরসভা থেকে মৌখিক ও লিখিতভাবে বললেও তারা কোন কর্ণপাত করেনি। তারা রাতের আধারে বা বন্ধের দিন সুযোগ বুঝে চুরি করে অল্প অল্প করে কাজ চালিয়ে যাচ্ছে। ভবনের নকশা অনুমোদনের বিষয়ে তিনি বলেন, ভবন নির্মাণে পৌরসভা থেকে তাদের কোন অনুমোদন দেওয়া হয়নি। যেহেতু জমিতে মামলা চলছে তাই মামলা নিস্পত্তি না হওয়া পর্যন্ত পৌরসভা ওই জমিতে নকশার অনুমোদন দিতে পারে না। নকশা অনুমোদন ছাড়া ভবন নির্মাণ হলে আইন অনুযায়ী যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে ১০ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১০ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৫ জন, গাংনী ৩ জন, মুজিবনগর ২ জন।

বুধবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১০৩ টি। তারমধ্যে

১০ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১৫১ জন। তার মধ্যে সদরে ৪৪ জন, গাংনীতে ৭৬ জন এবং মুজিবনগরে ৩১ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৬ জন । মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৫ জন ও মুজিবনগরে ৩৯ জন।

সাংবাদিকের বিরুদ্ধে মামলার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত

বাংলাদেশ প্রতিদিন,কালেরকন্ঠ’র সম্পাদকসহ ১১ সাংবাদিকের বিরুদ্ধে মামলার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

বুধবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে এ কর্মসূচীর আয়োজন করে ঝিনাইদহ প্রেসক্লাব ও বাংলাদেশ মফস্বল সাংবাদিক ফোরাম।

এসময় বক্তব্য রাখেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান,কালেরকন্ঠ’র জেলা প্রতিনিধি এম সাইফুল মাবুদ, প্রথম আলো’র স্টাফ রিপোর্টার আজাদ রহমান,সিনিয়র সাংবাদিক দোলোয়ার কবির,ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভাপতি ফয়সাল আহমেদ,সহ-সম্পাদক কে এম সালেহ,আইসিটি বিষয়ক সম্পাদক শাহানুর আলম,প্রচার সম্পাদক শামীমুল ইসলাম শামীম,বাংলাদেশ প্রতিদিন পত্রিকার ঝিনাইদহ প্রতিনিধি শেখ রুহুল আমিন,হরিণাকুন্ডু প্রেসক্লাবের সভাপতি এম সাইফুজ্জামান তাজুসহ অন্যান্যরা।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলা ও বিভিন্ন উপজেলায় কর্মরত সাংবাদিকরা অংশ নেয়।এসময় বক্তারা,সারাদেশে সাংবাদিকদের নামে দায়ের করা মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানান।

ঝিনাইদহে কৃষকের শেষ সম্বল ৪ টি গরু নিয়ে গেল চোরচক্র

‘আমার জমি-জাতি কিছু নেই। মানুষের জমি লিজ নিয়ে চাষ করি। কষ্ট করে ৪ টে গরু পালিছিলাম। ২ টোর বাছুর হয়েছে। বাছুরগুলো বড় করতিছি। গরু কয়ডা পুষে ভাবছিলাম সংসার টা ভালো মত চালাবো। অনেক কষ্ট করে গরু গুলো গুছাইচি। দুধ পর্যন্ত দুয়ায়নে। খাওয়ার জন্যিই রাখিনে যে বাছুর বড় হোক। আমার কষ্টের গরুগুলো সব চুরি করে নিয়ে গেছে ভাই। আমার দুটো দুধ খাওয়া বাছুরগুলো থুয়ে গরু নিয়ে গেছে। ভগবান ওদের বিচার করবে। এর থেকে আমার মৃত্যুও ভালো ছিল’। কাঁদতে কাঁদতে কথাগুলো বলছিল সদর উপজেলার পদ্মাকর ইউনিয়নের লৌহজংগা গ্রামের হতদরিদ্র কৃষক অসিম বিশ্বাস। মঙ্গলবার গভীর রাতে তার ৩টি গাভী ও ১ টি বকনা গরু নিয়ে গেছে চোর।
তিনি জানান, মঙ্গলবার রাত ১০ টার দিকে ৪ টি গরু খেতে দিয়ে ঘুমাতে যান তিনি। রাত ৩ টার দিকে ঘুম থেকে জেগে দেখেন গোয়ালে গরু নেয়। গোয়ালের তালা ভেঙ্গে, গরুর গলায় দেওয়া শেকল কেটে গরুগুলো চোর চক্র নিয়ে যায়। সকাল থেকে বাছুর দুটি দুধের জন্য ছটফট করছে। ৪ টি গরুর মুল্যে আনুমানিক সাড়ে ৪ লাখ টাকা। গরুগুলো চুরি হওয়ায় দিশেহারা হয়ে পড়েছেন তিনি।
ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মো: সোহেল রানা বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে অফিসার পাঠিয়েছি। অভিযোগের ভিত্তিতে চুরি যাওয়া গরুগুলো উদ্ধারসহ চোরদের ধরার চেষ্টা চলছে।

মুজিবনগরে মহিলাদের উন্নয়ন বিষয়ক উন্মুক্ত বৈঠক অনুষ্ঠিত

মেহেরপুর জেলা তথ্য অফিসের উদ্যোগে তথ্য ও সম্প্রচার

মন্ত্রণালয়ের গণযোগাযোগ অধিদপ্তরের নিয়মিত প্রচার কার্যক্রমের আওতায় ভিডিও কলের মাধ্যমে উন্মুক্ত বৈঠক অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকালে মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামে ইউপি সদস্য দিলিপ মল্লিকের বাড়িতে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।
অনুষ্ঠানে ভিডিও কলের মাধ্যমে উপস্থিত তরুণী ও মহিলাদের সামনে সরকারের বিভিন্ন উন্নয়ন চিত্র তুলে ধরে এবং মহিলাদের উন্নয়ন নিয়ে নিয়ে উন্মুক্ত আলোচনা করেন গনযোগাযোগ অধিদপ্তরের উপপরিচালক শুকলা বণিক।
জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুনের সঞ্চালনায় উন্মুক্ত বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন।
বক্তব্য রাখেন ব্রাকের জেলা সমন্বয়কারী ফজলুর রহমান, সংরক্ষিত মহিলা সদস্য নারগীস খাতুন প্রমুখ।
বৈঠকে বাল্যবিয়ে, সরকারের উন্নয়ন, স্বাস্থ্য সচেতনতা, শিক্ষাসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। ভবের পাড়া গ্রামের অর্ধশতাধিক তরুণী ও মহিলা বৈঠকে অংশ নেন।

স্কুল খুলে প্রতারণা, প্রতারক লিটন পলাতক

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের ভোমরদাহ গ্রামে শহীদ শেখ রাসেল ফাউন্ডেশনের নামে ভুয়া প্রতিষ্ঠান গড়ে এলাকার বেকার যুবকদের কাছে থেকে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিয়েছে লিটন নামের এক প্রতারক। প্রতারিত অনেকেই টাকা ফেরত চেয়ে থানায় মামলা করেছে। অনেকেই রয়েছে প্রতারক লিটনের খোঁজে। টাকা ফেরত চেয়ে প্রতারকের বিরুদ্ধে মামলা করলে উল্টো করে ভুক্তভোগীদের আদালতে মামলা করে হয়রানী করার চেষ্টা করছে ওই যুবক। লিটনের প্রতারণার ফাঁদে পা দিয়ে অনেকেই হয়েছেন সর্বশান্ত।
জানা গেছে, গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামের শিরাজুল ইসলামের ছেলে লিটন হোসেন উপজেলার সাহারবাটি ইউনিয়নের ভোমরদাহ গ্রামের শহীদ শেখ রাসেল স্মৃতি প্রাথমিক বিদ্যালয় নামে একটি ভুয়া প্রতিষ্ঠান গড়ে তুলে নিজেকে বিদ্যালয়ের পরিচালক প্রধান হিসেবে শিক্ষক নিয়োগ

চুয়াডাঙ্গায় ৪ জন করোনা আক্রান্ত

চুয়াডাঙ্গায় করোনার মৃত্যুহার এবং শনাক্তের হার ভয়াল গতিতে বৃদ্ধি পেলেও এখন পরিস্থিতি অনেকটাই স্বাভাবিক। চুয়াডাঙ্গায় করোনায় কমেছে মৃত্যুহার সেইসাথে কমেছে করোনাই শনাক্তের হার।

চুয়াডাঙ্গায় মোট ২০৬ জন মৃত্যুবরণ করেছে এরমধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৮৬ জন এবং জেলার বাইরে ২০ জন। গত ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু শুন্য থাকলেও মঙ্গলবার নতুন করে ৪ জন করোনা আক্রান্ত হয়েছেন।

এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৬১১ জনে। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ মঙ্গলবার নতুন করে ১০৭ জনের নমুনা সংগ্রহ করেছে। এই নিয়ে জেলায় মোট নমুনা সংগ্রহ দাঁড়িয়েছে ২৫ হাজার ৮৭১ জন।

এ দিকে ১১৩ জনের এর নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে এই নিয়ে জেলায় মোট ২৫ হাজার ৯৯৯ সালের নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে। এ সময় ৪ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৬১১ জনে।এ সময় সুস্থ হয়েছেন ৩৮ জন। এ নিয়ে জেলায় মোট সুস্থ হলেন ৫ হাজার ৮১৭ জন।

বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে রয়েছেন ২৮ জন আর বাড়িতে আছেন ৫৬০ জন। নতুন যে ৪ জন করোনা শনাক্ত হয়েছেন তার মধ্যে চুয়াডাঙ্গা সদর এর ১ জন আলমডাঙ্গার ১ জন এবং দামুড়হুদার ২ জন।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এ এস এম মারুফ হাসান আরো বলেন, চুয়াডাঙ্গায় এ পর্যন্ত ৮৭ জন স্বাস্থ্যকর্মী করোনা আক্রান্ত হয়েছেন এর মধ্যে ৮৫ জন সুস্থ হয়েছেন।

মেহেরপুরে ১৬ জন করোনা আক্রান্ত! মৃত্যু-১

মেহেরপুরে নতুন করে ১৬ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১৩ জন, গাংনী ২ জন, মুজিবনগর ১ জন। মারা গেছেন ১ জন।

মঙ্গলবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১২৭ টি। তারমধ্যে ১৬ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১৫২ জন। তার মধ্যে সদরে ৩৫ জন, গাংনীতে ৮২ জন এবং মুজিবনগরে ৩৫ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৬ জন । মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৫ জন ও মুজিবনগরে ৩৯ জন।

ঝিনাইদহে করোনা পর্যবেক্ষণ হেল্প সেলে’র উদ্বোধন

মহামারী করোনা ভাইরাস প্রতিরোধ ও জেলায় করোনায় আক্রান্ত রোগীদের সহযোগিতার জন্য করোনা পর্যবেক্ষণ হেল্প সেলে’র উদ্বোধন করা হয়েছে। জেলা বিএনপির উদ্যোগে গত সোমবার রাতে শহরের গীতাঞ্জলি সড়কের এ সেল’র উদ্বোধন করা হয়।

জেলা বিএনপি’র সাবেক যুগ্ম-সম্পাদক এম শাহজাহান আলী’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলার সাবেক উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুল আলিম, জেলা যুবদলের সভাপতি আহসান হাবীব রনক, সদর থানা যুবদলের আহবায়ক আশরাফুল ইসলাম আশরাফ, জেলা কৃষকদলের সিনিয়র যুগ্ম-আহবায়ক শামসুর রহমান, ঢাকা মহানগর ছাত্রদল (পশ্চিম) শোয়ায়েব রহমান বাপ্পি, জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি মিরাজুল

ইসলাম মিরাজ প্রমুখ।

করোনা হেল্প সেলের সার্বিক সহযোগিতায় দায়িত্ব পালন করছেন ড্যাব কেন্দ্রীয় নির্বাহী কমিটি ও জেলা বিএনপির সদস্য ডাঃ ইব্রাহিম রহমান বাবু। আলোচনা সভা শেষে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও ঝিনাইদহ-২ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মসিউর রহমান‘এর তত্ত্বাবধায়নে “করোনা পর্যবেক্ষণ হেল্প সেলের কার্যক্রমের উদ্বোধন করা হয়।